**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# পরিবেশগত ন্যায়বিচারের কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদানের জন্য 6 মিলিয়ন ডলার লভ্য রয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***সম্ভাব্য পরিবেশগত ন্যায়বিচারের এলাকাগুলোতে পরিবেশগত উদ্বেগের বিষয়গুলো মোকাবেলার জন্য তহবিল লভ্য হয়েছে***

***কর্মসূচি শুরু হওয়ার পর থেকে এযাবতকালের সর্ববৃহৎ কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদানের সুযোগ***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হওয়া কমিউনিটিগুলোকে সাহায্য করতে এবং পরিবেশগত উদ্বেগের বিষয়গুলো মোকাবেলা করতে এখন 6 মিলিয়ন ডলারের অনুদান লভ্য রয়েছে। পরিবেশগত ন্যায়বিচারের কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদানের এই সাম্প্রতিক রাউন্ডে এযাবতকালের সর্বোচ্চ পরিমাণ অনুদান প্রদান করা হচ্ছে এবং পরিবেশ দূষণের অসম বোঝা বহন করে আসা কমিউনিটিগুলোকে সহায়তা করার জন্য নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টার অংশ হিসেবে স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিলের (Environmental Protection Fund) সহায়তায় এটি প্রদান করা হচ্ছে।

"কমিউনিটিগুলোকেপরিবেশ দূষণের কারণে সৃষ্টঐতিহাসিক ও চলমান চ্যালেঞ্জগুলো মোকাবেলা করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় হাতিয়ার ও সংস্থানসমূহপ্রদান করতে নিউ ইয়র্ক স্টেট অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "পরিবেশগত ন্যায়বিচারের কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদানের তহবিল, যা এযাবতকালে এই কর্মসূচির দ্বারা লভ্য হওয়া সর্ববৃহৎ অনুদান, জীবনযাপনের মান উন্নত করতে এবং একটি অধিকতর নির্মল, আরো বেশি স্বাস্থ্যকর ভবিষ্যত নিশ্চিত করতে স্থানীয় উদ্বেগগুলো মোকাবেলা করা এবং স্থানীয় সমাধান উন্নয়ন করার জন্য স্টেটজুড়ে কমিউনিটি সংস্থাগুলোর সক্ষমতা বৃদ্ধি করবে।"

2006 সাল থেকে, নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation, DEC) পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত বিষয়ে নিজেদের কমিউনিটিগুলোকে সম্পৃক্ত করছে এবং কমিউনিটি-ভিত্তিক সমাধান বাস্তবায়ন করছে এমন প্রকল্পগুলোর জন্য কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলোকে কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদান হিসেবে 12 মিলিয়ন ডলারেরও বেশি প্রদান করেছে। কমিউনিটিভিত্তিক সংগঠনগুলি 100,000 মার্কিন ডলার পর্যন্ত

পাওয়ার জন্য আবেদন করতে পারে এমন প্রকল্পসমূহের জন্য যা প্রভাবিত এলাকাগুলির অধিবাসীদের পরিবেশগত ও জনস্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগগুলি সমাধানের চেষ্টা করে।

DEC-র দ্বারা ইতোপূর্বে অনুদানপ্রাপ্ত প্রকল্পগুলোর মধ্যে জনসাধারণের অংশগ্রহণমূলক বিজ্ঞান, কমিউনিটি-ভিত্তিক পানিসম্পদ ও বায়ুর মান পর্যবেক্ষণ, শহুরে কৃষি, বন্যপ্রাণীর আবাসস্থল পুনরুদ্ধার, বৃক্ষ রোপণ, পাঠ্যক্রম প্রণয়ন, এবং সবুজ অবকাঠামো স্থাপন অন্তর্ভুক্ত রয়েছে। ইতোপূর্বে তহবিলপ্রাপ্ত সব প্রকল্প এবং প্রকল্পের বিবরণগুলোর তালিকা উন্মুক্ত ডাটা NY (Open Data NY)-তে পাওয়া যাবে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার বাসিল সেগোস বলেন,** "পরিবেশগত ন্যায়বিচারের কমিউনিটি প্রভাব সম্পর্কিত অনুদান নিউ ইয়র্কবাসীদেরকে অধিকতর স্বাস্থ্যকর, আরো বেশি টেকসই জীবনযাপন করতে সাহায্য করার মাধ্যমে উল্লেখযোগ্য অগ্রগতি নিয়ে আসতে সাহায্য করেছে। এই তহবিল পরিবেশগত ন্যায়বিচারকে অগ্রাধিকার দেওয়া, টেকসই সমাধানগুলো উন্নত করা, এবং স্থানীয় সংস্থানগুলো সুরক্ষিত রাখার জন্য কমিউনিটি ও সংগঠনগুলোর সঙ্গে DEC যেসব বিভিন্ন উপায়ে সহযোগী হয়ে কাজ করছে তার অন্যতম একটি উপায়।"

**স্টেট সিনেটর পিট হারখাম বলেন,** "শিল্পখাতে দূষণের কারণে অসম বোঝা বহন করে আসা কমিউনিটিগুলোকে পরিবেশগত ন্যায়বিচার পেতে সহায়তা করার জন্য এসব অপরিহার্য অনুদান লভ্য হওয়া গুরুত্বপূর্ণ। আমাদেরকে অবশ্যই লভ্য সব সংস্থান কাজে লাগিয়ে এই বোঝা লাঘব করতে সাহায্য করার জন্য অব্যাহতভাবে কাজ করে যেতে হবে।"

**অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক বলেন,** "পরিবেশগত ন্যায়বিচারের কমিউনিটি প্রভাব সম্পর্কিত এসব অনুদান বহু বছর ধরে বিপজ্জনক বর্জ্য, দূষণ, এবং অন্যান্য বিষাক্ত পরিবেশগত প্রভাবের সম্মুখীন হয়ে আসা প্রান্তিক কমিউনিটিগুলোর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব গুরুত্বপূর্ণ অনুদান বৃদ্ধি করা নিউ ইয়র্ক স্টেটের জন্য সঠিক দিকে এগিয়ে যাওয়া নির্দেশ করে, পরিবেশগত ন্যায়বিচার বিষয়ক তহবিল ও প্রকল্পগুলোর জন্য গভর্নর হোকল এবং কমিশনার সেগোসের অব্যাহত সমর্থনকে আমি সাধুবাদ জানাই।"

উপযুক্ত কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলো হচ্ছে এমন সংস্থা যেগুলো সম্ভাব্য পরিবেশগত ন্যায়বিচারের এলাকায় অবস্থিত , নিউ ইয়র্ক সিটির বাইরে কোনো কাউন্টির সমান বা তারচেয়ে ছোট আকারের এলাকা অথবা নিউ ইয়র্ক সিটির পাঁচটি বরোর যেকোনোটির সমান বা ছোট আকারের এলাকার অধিবাসীদের সেবা প্রদানকারী গ্রুপ এবং যেসব সংস্থার মোট বার্ষিক রাজস্বের পরিমাণ 3 মিলিয়ন ডলারের চেয়ে কম। উপযুক্ততা সম্পর্কে আরো তথ্য অনলাইনে গ্র্যান্ট অপর্চুনিটি পোর্টালে (Grant Opportunity Portal) পাওয়া যাবে। প্রকল্পগুলোকে অবশ্যই একটি কমিউনিটির একাধিক পরিবেশগত ক্ষতি ও ঝুঁকির সম্মুখীন হওয়ার বিষয়টি মোকাবেলা করতে হবে এবং একটি নতুন গবেষণার উপাদান অন্তর্ভুক্ত থাকতে হবে যেটি ক্ষতিগ্রস্ত কমিউনিটির জ্ঞান সম্প্রসারণ করার জন্য ব্যবহৃত হবে।

আবেদনকারীদেরকে অবশ্যই আবেদন করার আগে নিবন্ধন করা এবং গ্র্যান্টস গেটওয়েতে (Grants Gateway) পূর্ব উপযুক্ততা অর্জন করতে হবে। নিবন্ধন করা এবং পূর্ব উপযুক্ততা অর্জন

করা সম্পন্ন হয়ে গেলে, সংস্থাগুলো গ্র্যান্টস গেটওয়েতে অনুদানের জন্য আবেদন করতে পারবে। নির্দেশনা এবং আবেদনপত্র অনলাইনে গ্র্যান্টস গেটওয়ে ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন জমা দেওয়ার শেষ সময় 26 জুলাই, 2023 তারিখ বিকাল 3টা EST। নির্দেশনার সম্পূর্ণ তালিকা এবং আরো তথ্যের জন্য, DEC-এর পরিবেশগত ন্যায়বিচার বিষয়ক অধিদপ্তরে (Office of Environmental Justice) যোগাযোগ করুন 518-402-8556 নম্বরে, justice@dec.ny.gov ইমেইল ঠিকানায়, অথবা অনলাইনে DEC-এর পরিবেশগত ন্যায়বিচার ওয়েবপেইজে।

স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল (EPF) এই অনুদান কর্মসূচির জন্য তহবিল প্রদান করছে, যে তহবিল ভূমি অধিগ্রহণ, কৃষিজমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতি প্রতিরোধ ও দূরীকরণ, চিত্তবিনোদনের অ্যাক্সেস, পানির গুণমান উন্নয়ন, এবং পরিবেশগত ন্যায়বিচার সম্পর্কিত প্রকল্পগুলোর মতো পরিবেশ বিষয়ক কর্মসূচিগুলোর জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থান। 2022-23 অর্থবছরের জন্য প্রণীত স্টেট বাজেটের অনেকগুলো পরিবেশগত জয়ের মধ্যে, গভর্নর ক্যাথি হোকল এবং আইনসভার নেতৃবৃন্দ EPF 400 মিলিয়ন ডলারে উন্নীত করেছেন, যা এই কর্মসূচির ইতিহাসে এযাবতকালের সর্বোচ্চ পর্যায়ের অর্থায়ন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন